সমকাল

তারিখ ... 22 JAN 2016 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...



সোনাডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন ■ সমকাল

# খুলনায় এক ভবনে দুই স্কুলের পাঠদান

■ খুলনা ব্যুরো

ভবনের অভাবে খোলা আকাশের নিচে শিক্ষার্থীদের ক্লাস করানোর ঘটনা নতুন নয়। তবে খুলনায় ঘটছে ব্যতিক্রমী ঘটনা। নগরীর সোনাডাঙ্গা আবু বকর খান আদর্শ প্রাথমিক বিদ্যালয় ভবনে চলছে দুটি বিদ্যালয়ের পাঠদান। নিজ বিদ্যালয়ের পাশাপাশি সেখানে সোনাডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়েরও ক্লাস নেওয়া হচ্ছে। চারটি কক্ষে ক্লাস করছে দুটি স্কুলের ৬টি শ্রেণীর শিক্ষার্থীরা। দুই শিফটে ক্লাস নেওয়া হলেও নানা ভোগান্তির শিকার হচ্ছেন দুটি বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্র জানায়, ১৮৭০ সালে প্রতিষ্ঠিত নগরীর সোনাডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দ্বিতীয় তলা ভবন নির্মাণ করা হয় ১৯৮৮ সালে। পরে ১৯৯৩ সালে তৃতীয় তলার কাজ শেষ হয়। কিন্তু দীর্ঘদিনের সংস্কারের অভাবে ভবনটি জরাজীর্ণ হয়ে পড়ে। গত বছর ভূমিকম্পের পর বিদ্যালয় ভবনটি একদিকে হেলে পড়ে। ভবনের বিভিন্ন কক্ষে দেখা দেয় ফাটল। ছাদের বিভিন্ন অংশ ভেঙে পড়ে। এ অবস্থায় শিক্ষার্থীদের কথা বিবেচনা করে ওই ভবনে পাঠদান থেকে বিরত থাকার নির্দেশ দেন শিক্ষা বিভাগের কর্মকর্তারা।

নতুন বছরের শুরুতে সোনাডাঙ্গা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠদানের জন্য পার্শ্ববর্তী সোনাডাঙ্গা আবু বকর খান আদর্শ বিদ্যালয় ভবন ব্যবহারের আবেদন করেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা। বিদ্যালয়ের দুরবস্থা থেকে জেলা শিক্ষা অফিসের কর্মকর্তারা তাদের আবু বকর খান বিদ্যালয়ে ক্লাস করানোর অনুমতি দেন। গত ৯ জানুয়ারি থেকে সোনাডাঙ্গা আবু বকর খান আদর্শ প্রাথমিক বিদ্যালয় ভবনে প্রতিদিন দুই শিফটে দুই স্কুলের শিক্ষার্থীদের ক্লাস নেওয়া হচ্ছে। চারটি কক্ষের মধ্যেই দুই স্কুলের ৬টি শ্রেণীর শিক্ষার্থীদের ক্লাস করানো হয়। সোনাডাঙ্গা আবু বকর খান আদর্শ প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইউসুফ আলী হাওলাদার জানান, শিক্ষা অফিসের নির্দেশেই আমাদের স্কুলে অন্য স্কুলের শিক্ষার্থীদের পাঠদানের ব্যবস্থা করা হয়েছে। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা পারভীন জাহান বলেন, বিদ্যালয় ভবন সংস্কারের জন্য আমরা মেরামত তালিকায় সোনাডাঙ্গা প্রাথমিক বিদ্যালয়ের নাম পাঠিয়েছি।